

প্রথম অধ্যায়: গৌতম বুদ্ধ

প্রশ্ন-ক. তোমার মতে সাধন পথে কয়টি অন্তরায় পরিত্যাগ করা উচিত?

উত্তর: আমার মতে সাধন পথে দুটি অন্তরায় পরিত্যাগ করা উচিত।

প্রশ্ন-খ. সিদ্ধার্থ গৌতমের বাল্যকালে কী কী নাম ছিল?

উত্তর: সিদ্ধার্থ গৌতমের বাল্যকালে নাম ছিল— সিদ্ধার্থ, গৌতম ও শাক্যসিংহ।

প্রশ্ন-গ. সাধনার জন্য তুমি কোন পন্থা অবলম্বন করবে?

উত্তর: সাধনার জন্য আমি মধ্যম পন্থা অবলম্বন করব।

প্রশ্ন-ঘ. সিদ্ধার্থ গৌতমের হাতে কে পায়সান্ন তুলে দিলেন?

উত্তর: সেনানী গ্রামের কুলবধু সুজাতা পায়সান্ন তুলে দিলেন।

প্রশ্ন-ঙ. বুদ্ধের প্রকৃত পূজা তুমি কীভাবে করবে?

উত্তর: বুদ্ধের উপদেশ সূক্ষ্মানুসূক্ষ্মভাবে নিজ জীবনে আচরণ করে আমি প্রকৃত বুদ্ধ পূজা করব।

প্রশ্ন-চ. বোধিজ্ঞান অনুযায়ী তোমার জন্মের কারণ কোনটি?

উত্তর: বোধিজ্ঞান অনুযায়ী তৃষ্ণাই আমার জন্মের কারণ।

প্রশ্ন-ছ. কোন পূর্ণিমায় সিদ্ধার্থ গৌতম জন্মগ্রহণ করেন? [প্রা.শি.স.প. ২০১৩]

উত্তর: বৈশাখী পূর্ণিমায় সিদ্ধার্থ গৌতম জন্মগ্রহণ করেন।

প্রশ্ন-জ. সিদ্ধার্থ গৌতম বাল্যকালে কোন কোন বিদ্যা শিক্ষা করেন?

উত্তর: সিদ্ধার্থ গৌতম বাল্যকালে চৌষটি রকমের লিপি, ত্রিবেদ, অশ্বারোহণ, রথচালনা, ন্যায়শাস্ত্র, স্মৃতিশাস্ত্র ও ধনুর্বিদ্যা শিক্ষালাভ করেন।

প্রশ্ন-ঝ. পঞ্চবর্গীয় শিষ্যদের নাম লেখ। [প্রা.শি.স.প. ২০১৬]

উত্তর: পঞ্চবর্গীয় শিষ্যদের নাম হলো: কৌণ্ডিন্য, ভদ্রিয়, বপ্প, মহানাম ও অশ্বজিত।

প্রশ্ন-ঞ. সিদ্ধার্থ সবসময় কী চিন্তা করতেন?

উত্তর: সিদ্ধার্থ সবসময় প্রাণীর দুঃখ দূর করার উপায় চিন্তা করতেন।

প্রশ্ন-ট. নির্বাণ লাভের জন্য তোমার করণীয় কী?

উত্তর: নির্বাণ লাভের জন্য আমার করণীয় হলো— তৃষ্ণার মূল ছেদন করা।

প্রশ্ন-ঠ. গৌতম বুদ্ধের নাম কেন সিদ্ধার্থ রাখা হয়?

উত্তর: বহুদিন পর রাজা-রানির মনোবাসনা সিদ্ধ হওয়ায় নবজাত পুত্র গৌতম বুদ্ধের নাম রাখা হয় সিদ্ধার্থ।

প্রশ্ন-ড. 'জগতে আমিই জ্যেষ্ঠ; আমিই শ্রেষ্ঠ'— এ কথাটি কে বলেছিলেন?

উত্তর: গৌতম বুদ্ধ বলেছিলেন, 'জগতে আমিই জ্যেষ্ঠ; আমিই শ্রেষ্ঠ।'।